Islamic Crescent Observation for the UK
المراقبة الإسلامية للأهلة في المملكة المتحدة
*Reviving the Sunnah of Moon Sighting* - إحياء السنة النبوية في رؤية الهلال

# এই বছর (১৪৩৫ হিঃ) রমজান কবে শুরু হচ্ছে?

কমর উদ্দিনের রিপোর্ট, অনুবাদক হাবিবুল আহাদ

এটা সকলের জানা যে পৃথিবীর চারদিকে ঘূর্নমান চাঁদের কক্ষ পথে অবস্থান এর উপর ভিত্তিকরে প্রণীত ইসলামি ক্যালেন্ডারের ৯ম মাস হলো রমজান মাস। চন্দ্র-মাস শুরু হয় সুর্যাস্তের পর পশ্চিম আকাশে প্রথম বাঁকা চাঁদ (হিলাল/HILAL) দেখার মধ্য দিয়ে যা প্রতিমাসে পৃথিবীর ভিন্ন অবস্থানে উদিত হয়। কাজেই প্রতি মাসে কোন একটি নির্দিষ্ট স্থানে বা নির্দিষ্ট দেশে নতুন চাঁদ দেখা সম্ভব নয়।

তবে ইউ.কে চাঁদ দেখার গ্রুপ (ICOUK) বছরের প্রত্যেক মাসে চাঁদ দেখার চেষ্টা করে এবং ইউ.কে ও মরক্কোর পূর্ব দিকে অবস্থিত অন্যান্য দেশ হতে নির্ভরযোগ্য চাঁদ দেখার খবর সংগ্রহ করে ইউ.কে উলামাদের নিকট পোঁছিয়ে দেয় যাতে তাঁরা বাস্তবিক খালি চোখে দেখার শরিয়ৎ সম্মত বিধান অনুযায়ী ত্বড়িৎ সিদ্ধান্ত নিতে পারেন।

এই বছর ২৯ শে মে, ২০১৪ (২৯ শে রজব, ১৪৩৫ হিজরী) সূর্যাস্তের পর ইউ.কের বিভিন্ন স্থানে অনেক লোক শাবানের চাঁদ দেখার চেষ্টা করেন। বেশীরভাগ স্থান মেঘাচ্ছন্ন থাকায় কেউই চাঁদ দেখতে পারেননি। তবে ঐ দিন সন্ধ্যায় মরক্কোর আওকাফ মন্ত্রনালয় খালি চোখে শাবানের চাঁদ দেখার সঠিক সংবাদ ফ্যাক্স এর মাধ্যমে আমাদের পাঠায়। এর ভিত্তিতে ইউকে উলামাগন সিদ্ধান্ত নেন যে রজব মাস ২৯ দিনে শেষ হবে এবং শাবান ১৪৩৫ হিজরী শুক্রবার ৩০ শে মে, ২০১৪ হতে শুরু হবে, যা সৌদি উম্মুল কুরা ক্যালেন্ডার এর সাথে মিলে যায় (কাকতলীয়ভাবে)।

সুতরাং, ২৯শে শাবান ১৪৩৫ হিজরী হবে শুক্রবার, ২৭ এ জুন ২০১৪ তে, যেদিন আমরা নবী (স:) এর সুন্নত অনুসারে সুর্যাস্তের পর রমজানের চাঁদ দেখার চেষ্টা করব। যদি ইউ.কে কিংবা ইউ.কে/মরক্কোর পূর্ব দিকে অবস্থিত কোন দেশ হতে চাঁদ দেখার নির্ভরযোগ্য সংবাদ পাওয়া যায় তা হলে ১লা রমজান ১৪৩৫ শুরু হতে পারে শনিবার, ২৮এ জুন ২০১৪ থেকে; তা না হলে পরের দিন রোববার ২৯ শে জুন হতে শুরু হবে, ইন শা আল্লাহ্।


## রমজান শুরুর সম্ভাবনাঃ

বৈজ্ঞানিক হিসাব অনুযায়ী ১৪৩৫ হিঃ রমজান এর প্রথম চাঁদ ২৭ এ জুন ২০১৪ (সূর্যাস্তের পর )ইউ.কে কিংবা এর পূর্ব দিকে কোথাও দেখা যাওয়ার সম্ভাবনা নাই। এই কারনে বর্তমান শাবান মাস (১৪৩৫ হিঃ) ৩০ দিন পূর্ন হওয়ার সম্ভাবনা বেশী। রমজানের নতুন চাঁদের জন্ম হবে শুক্রবার, ২৭ এ জুন ২০১৪ সকাল ৮টা ৮মিনিটে (New Moon Conjunction)। ঐ দিন লন্ডনের সূর্যাস্তের সময় চাঁদের বয়স হবে ১২ ঘন্টা এবং চাঁদ সূর্যের ২০ মিনিট পূর্বে অস্ত যাবে। এই জন্য ইউ.কের কোথাও ঐ দিন চাঁদ দেখা সম্ভব নয়। মক্কায় সুর্যাস্তের সময় চাঁদের বয়স হবে ৮ঘন্টা এবং সূর্যের ১মিনিট পরে অস্ত যাবে। তথাপি মক্কায় সুর্যাস্তের পর খালি চোখে চাঁদ দেখা সম্ভব হবে না চাঁদের অবস্থান দিগন্ত (০.০৩ডিগ্রি উচ্চতা) এবং সূর্যের( ৬. ডিগ্রি নিচে) অতি নিকটে থাকার কারনে। তাছাড়া এ পর্যায়ে চাঁদের ধাপ এত সরু হবে যে খালি চোখে তা নিশ্চিত করা সম্ভব হবে না। অধিকন্তু সৌদি আরবের বেশীরভাগ স্থানে চাঁদ সূর্যের পূর্বে অস্ত যাবে, কাজেই চাঁদ দেখা অসম্ভব হবে।

ইউ.কে তে ১ম রমজান, ১৪৩৫ হিঃ, রোববার, ২৯ শে জুন ২০১৪ ইং তে হওয়ার অধিক সম্ভাবনা রয়েছে, ইন শা আল্লাহ্।

নিচের ১ নম্বর চিত্রে বর্নিত চাঁদ দেখার সম্ভাবনা মানচিত্রে দেখা যাচ্ছে যে, ২৭ শে জুন ২০১৪ সুর্যাস্তের পর ইউ.কে/মরক্কোর পূর্বে অবস্থিত কোন দেশেই চাঁদ দেখার সম্ভাবনা নাই। মানচিত্রের উপরের অংশের লাল রঙ এলাকায় চাঁদ সূর্যের আগে অস্ত যাবে। তাছাড়া,আকাশ পরিস্কার থাকলেও এবার সাধারন টেলিস্কোপ এর সাহায্যে দক্ষিন আমেরিকার অঞ্চল হতে সে দেশের

সূর্যাস্তের পর চাঁদ দেখার সম্ভাবনা ক্ষীন। তাই ইউ কে তে ১লা রমজান ১৪৩৫ হিঃ, রোববার ২৯ শে জুন ২০১৪ তে ( ২৮ এ জুন সূর্যাস্তের পর) হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে, ইন শা আল্লাহ্।




চিত্র নম্বর ১: রমজানের চাঁদ দেখার সম্ভাবনা ম্যাপ। ২৭ এ জুন, ২০১৪ (চন্দ্র গ্রহনের দিন)

## সৌদি আরব হতে প্রাপ্ত রিপোর্টঃ

এটা সকলে জানে যে সৌদি সরকার তাদের সকল জন প্রশাসন কাজের জন্য পূর্ব নির্ধারিত "উম্মুল কুরা" ক্যালেন্ডার ব্যবহার করে। উম্মুল কুরা ক্যালেন্ডার হিসাবের ভিত্তি হলো- যদি ২৯ তারিখে চাঁদ সূর্যের পর অস্ত যায় তাহলে পরের দিন হতে পরবর্তি মাস শুরু হবে। ২৭ এ জুন ২০১৪, অর্থাৎ ২৯ শে শাবান ১৪৩৫ হিঃ, ৮ ঘন্টা বয়সের চাঁদ মক্কায় সূর্যাস্তের ১ মিনিট পরে অস্ত যাবে; স্বভাবতই উম্মুল কুরা ক্যালেন্ডার ২৮ এ জুন হতে রমজান মাস শুরু করবে। অথচ সৌদি আরবের বাকী সকল স্থানে এবং মধ্যপ্রাচ্চের অনেক দেশে ঐ দিন চাঁদ সূর্যের আগে (কিংবা সাথেই) অস্ত যাবে, যদিও মক্কায় সূর্যাস্তের ১ মিনিট পরে অস্ত যাবে (১নং চিত্র দেখুন)। এর দ্বারা বুঝা যায় সৌদি আরবে (কিংবা পৃথিবীর কোথাও) ঐদিন (২৭ এ জুন) সন্ধ্যায় খালি চোখে চাঁদ দেখার সম্ভাবনা নাই। এতে প্রমাণ হতে পারে যে উম্মুল কুরা ক্যালেন্ডার খালি চোখে চাঁদ দেখার সাথে সামঞ্জস্যপূর্ন নয়।

ইসলামি চাঁদ দেখা প্রকল্প (ICOP) নামে একটি আন্তর্জাতিক সংগঠন আছে যাদের মধ্যে সৌদি হিলাল কমিটির অনেক সদস্য সহ ৪০০ এর অধিক সদস্য আছেন। এই ICOP সদস্যদের বর্ননা মতে সৌদি আরবে (১৪২৯ হিঃ/২০০৮ হতে) ১০টির মত হিলাল (চাঁদ দেখা) কমিটি আছে। তারা প্রতি মাসের উম্মুল কুরার ২৯ তারিখে চাঁদ দেখার চেষ্টা করেন এবং তাদের রিপোর্ট সৌদি সুপ্রিম কোর্টে জমা দেন। যে সত্য খুব ভালো জানা নেই তাহোল তাদের কেউই অতীতে কখনো উম্মুল কুরার ২৯ তারিখে চাঁদ দেখতে সমর্থ হন নাই, এমকি টেলিস্কোপ এর সাহায্যেও, যার পুনরাবৃত্তি ২৭ এ জুনে ২০১৪ও ঘটতে যাচ্ছে। সৌদি আরবের ICOP সদস্যদের তথ্য অনুযায়ী চাঁদ দেখার বানোয়াট খবর সাধারনতঃ হিলাল কমিটির বাইরে রিয়াদ শহরের নিকটবর্তী দুটি এলাকার (সাকরা ও সুদায়ের) কিছু লোক হতে আসে যারা সুপ্রিম কোর্টে এসে চাঁদ দেখার ভুল সাক্ষী দিয়া যায় এবং সুপ্রিম কোর্ট তা গ্রহন করে থাকেন। কোর্ট অবশ্য চাঁদ দেখার ঘোষনা শুধুই রমজান ও ঈদের জন্য করে থাকেন; অন্যান্য মাসে পূর্ব নির্ধারিত উম্মুল কুরা ক্যালেন্ডার অনুসরন করেন।

সৌদি হিলাল কমিটির কেউই অতীতে কখনো উম্মুল কুরার ২৯ তারিখে চাঁদ দেখতে সমর্থ হন নাই

সৌদি আরবে এই লেখকের (কমর উদ্দিনের) এক সাম্প্রতিক সফর হতে জানা যায় যে হিলাল  কমিটির প্রতি মাসের পর্যবেক্ষণের মূল উদ্দেশ্য ছিল ভবিষ্যতে পর্যালোচনার জন্য পর্যাপ্ত উপাত্ত সংগ্রহ করা, যেমন ভবিষ্যতে মানমন্দির নির্মাণের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ করা, কিন্তু মাসিক ঘোষনা দেওয়ার জন্য কখনই নয়, রমজান এবং দুই ঈদ ছাড়া।  এই কারনে কোন ব্যক্তি বা সংগঠন যখন সারাবছর সৌদি জন প্রশাসন ক্যালেন্ডার অনুসরন করে তখন বাস্তবিকই তারা সূর্যাস্তের পর চাঁদের অস্ত যাওয়ার ভিত্তিতে পূর্ব নির্ধারিত উম্মুল কুরা ক্যালেন্ডার ব্যবহার করছে। এই নির্নায়ক কারো কারো কাছে 'নিউ মুন থিওরী' (New Moon Theory) ক্যালেন্ডার হিসেবে পরিচিত, যেহেতু সত্যিকার চাঁদ দেখার সম্ভাবনার উপর ভিত্তি করে তা প্রণীত নয়।

সৌদি সুপ্রিম কোর্টের প্রতি আমাদের অনুরোধ ২৭ এ জুন ২০১৪ তে চাঁদ দেখার দাবী যেন তাঁরা প্রত্যাক্ষান করেন যদি তা বহুলোকের সমষ্টিগত ভিত্তিতে (যেখানে মিথ্যা সাক্ষীর সম্ভাবনা থকেনা) না হয়ে মুষ্টিমেয় কিছু লোকের দাবীর ভিত্তিতে হয়। শরিয়তের বিধান অনুসারে চাঁদ দেখার বিষয়ে সাক্ষী নিতে হলে অনেক লোকের সাক্ষীর প্রয়োজন থাকে যাকে "জাম্মে গাফির" (Jamme Gafir) বলে। অনেক লোকের সাক্ষীর এই বিধান ভুল বা মিথ্যা সাক্ষীর সম্ভাবনাকে দূর করে দেয়। বিকল্প হিসেবে, উম্মুল কুরা ক্যালেন্ডার পদ্ধতি পরিবর্তন করে যদি প্রকৃত চাঁদ দেখার সম্ভাবনার (Imkan-e-Ruyat) উপর স্থাপন করা যায়, আমাদের ICOUK ওয়েব সাইট পিটিশনে যেমনটি ব্যাখ্যা করা হয়েছে,  তাহলে মিথ্যা সাক্ষীর এই পরোক্ষ প্রবণতা বহুলাংশে কমে যাবে। রিয়াদের (সৌদি আরব) কাছে অবস্থান করা কিছু লোকের মিথ্যা সাক্ষীর উপর ভিত্তি করে সেই দেশের এবং বিশ্বের কোটি কোটি মা নুষকে বছরের পর বছর ধোকা দেওয়ার ব্যবস্থা মোটেই গ্রহন যোগ্য নয়। আল্লাহ্ আমাদের রক্ষা করুন।


## অন্যান্য দেশ হতে প্রাপ্ত রিপোর্টঃ

যদি সৌদি আরব ও অন্যান্য মুসলিম দেশে চাঁদ দেখার খবরে পার্থক্য হয় তাহলে দুর্ভাগ্যজনক ভাবে ইউ.কের মুসলিমদের মধ্যে রমজান শুরু করার ব্যাপারে বিভক্তি হবে। কারন রিজেন্ট পার্ক ও ইষ্ট লন্ডন মসজিদ সহ আরো কিছু মসজিদ সৌদি ঘোষনাকে অনুসরন করবে। একই ভাবে ঈদুল ফিতরের দিনের ব্যাপারেও বিভেদ সৃষ্টির সম্ভাবনা আছে যেহেতু ২৭ এ জুলাই, ২০১৪, তারিখে মক্কায় সূর্যের পর চাঁদ অস্ত যাবে। কাজেই সৌদি সুপ্রিম কোর্ট উম্মুল কুরার ফর্মুলা অনুসারে ঐ দিন রমজান শেষ করে ২৮এ জুলাইকে ঈদুল ফিতরের দিন ঘোষনা দেবে। অতচ ঐ দিন ইউ কে/মরক্কোর পূর্বে কোন দেশে চাঁদ দেখা যাবে না। (নিচের ২ নম্বর চিত্র দেখুন)। কাজেই ঈদুল ফিতর নিয়ে আবারো বিভেদ হবে, সোমবার, ২৮ এ জুলাই তাদের জন্য যারা সৌদি ঘোষনাকে অনুসরন করেন এবং মঙ্গলবার, ২৯ শে  তাদের জন্য, উইফাকুল উলামাদের মত যারা বাস্তবিক/নির্ভরযোগ্য চাঁদ দেখা তথ্যের ভিত্তিতে ঈদ করেন। দুঃখজনক হলেও এই বিভক্তি ইউ.কের মুসলমানদের মধ্যে  আগামী বছরগুলোতেও অব্যাহত থাকবে যত দিন না আমাদের উলেমারা এক হবেন।

## ই-মেইল/এস.এম.এস রিপোর্ট:

ইউকে ও অন্যান্য দেশ হতে চাঁদের বিষয়ে জানতে হলে (www.moonsighting.org.uk) এর মাধ্যমে আমাদের গ্রুপে যোগ দিন। আমরা আল্লাহ্র কাছে দোয়া করি যেন আল্লাহ্ তায়ালা ইউ. কের সকল মুসলিমকে ভাবাবেগবর্জিত হয়ে শরিয়ত সম্মত সঠিক চাঁদ দেখার পদ্ধতির উপর একতাবদ্ধ করেন। আমীন।

তারিখ: ১৭ই জুন, ২০১৪ ইং




চিত্র নম্বর ২: শাউয়াল ১৪৩৫ হিঃ চাঁদ দেখার সম্ভাবনা ম্যাপ (ঈদুল ফিতর)